



টংগী সরকারি কলেজ



NU Code: 5511

গাজীপুর

EIIN: 109061

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স কোর্স (নিয়মিত) ভর্তির

প্রাথমিক আবেদনের বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এক বছর মেয়াদী প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তির প্রাথমিক আবেদন চলছে। যোগ্যতাসম্পন্ন ভর্তিচ্ছু শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে আবেদন ফরম সংগ্রহ করে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি **কলেজ কাউন্টার** অথবা **ই-পেমেন্টের** মাধ্যমে পরিশোধ করতে পারবে। আবেদন জমা দেয়ার সময় প্রয়োজনীয় কাগজপত্রের সাথে ফি জমাদান রসিদ অবশ্যই জমা দিতে হবে।

আবেদন সংগ্রহ ও জমাদান

২৭ অক্টোবর থেকে ১৯ নভেম্বর ২০২৬

প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পর্যায়ের বিষয়সমূহ

- | | | |
|-------------------|------------------|----------------|
| ❖ বাংলা | ❖ সমাজকর্ম | ❖ হিসাববিজ্ঞান |
| ❖ ইংরেজি | ❖ রাষ্ট্রবিজ্ঞান | ❖ ব্যবস্থাপনা |
| ❖ ইসলামিক স্টাডিজ | ❖ অর্থনীতি | |

১. আবেদনের সাধারণ যোগ্যতা

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ থেকে ২০২৪ সাল পর্যন্ত ৩ বছর মেয়াদী ডিগ্রী (পাস) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত ছাত্র-ছাত্রীগণ আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ থেকে ২০২৪ সাল পর্যন্ত ৪ বছর মেয়াদী স্নাতক সম্মান পরীক্ষায় পাস ডিগ্রিপ্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে তারা সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তির সুযোগ পাবে।
- ডিগ্রী (পাস) কোর্সে পঠিত **কমপক্ষে ৪০০ নম্বর** সম্বলিত বিষয়সমূহের একটিতে ভর্তি হতে পারবে তবে পঠিত বিষয়ে অবশ্যই ৪০% নম্বর অথবা জিপিএ ২.০০ থাকতে হবে।
- ১০০ নম্বর সম্বলিত আবশ্যিক (i) বাংলা জাতীয় ভাষা (ii) ইংরেজি (iii) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস বিষয়ে আবেদন করতে পারবে না।
- ডিগ্রী (পাস) কোর্সে প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ প্রিলিমিনারী টু মাস্টার্স কোর্সে নিয়মিত ভর্তির আবেদন করতে পারবে না।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে দ্বৈত ভর্তি হলে শিক্ষার্থীর উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামা স্ক্যান করে আপলোড করতে হবে।

২. আবেদনপত্র সংগ্রহ ও জমাদান পদ্ধতি

- nu.ac.bd/admissions হতে নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম পূরণ করতে হবে।
- আবেদন ফি বাবদ **১০০০** (এক হাজার) টাকা কলেজ কাউন্টারে অথবা **ই-পেমেন্টের** মাধ্যমে পরিশোধ করতে হবে।
- আবেদনপত্রের সাথে ফি জমাদানের কপি, ডিগ্রী পাসের নম্বরপত্র, প্রবেশপত্র ও রেজি: কার্ডের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- জমাকৃত আবেদন ফরম ৭২ ঘণ্টার মধ্যে কলেজ কর্তৃক নিশ্চায়নপূর্বক SMS-এর মাধ্যমে জানানো হবে। আবেদন নিশ্চায়ন না হলে অথবা SMS না গেলে সরাসরি অফিসে যোগাযোগ করতে হবে।

❖ ই-পেমেন্ট-এর মাধ্যমে ফি জমাদান পদ্ধতি

টংগী সরকারি কলেজ, গাজীপুর <www.tgco.edu.bd> ওয়েবসাইটে ই-পেমেন্টে প্রবেশ করুন। Payment Menu হতে Admission/Fromfillup/Session Charge-এ প্রবেশের পর আপনার কাম্বিনেটেড Course নির্বাচিত করে Apply Now-এ প্রবেশ করুন। এর পর ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত Admission Roll; ফরমপূরণের ক্ষেত্রে Registration Number এবং চাহিদা অনুসারে বক্স পূরণ করে Next চাপুন। নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থীর তথ্য ফরমপূরণ করে Save-তে ক্লিক করুন। Payment Method-এ Pay Station Payment Gateway হতে Verify অপশনে ক্লিক করার পর Next-এ ক্লিক করুন। নিজস্ব মোবাইল নম্বর Input দিয়ে Pay Now ক্লিক করুন। Payment Merchant (বিকাশ/রকেট/উপায়) এর মাধ্যমে Payment সম্পন্ন করে রসিদ সংগ্রহ করুন।

ই-পেমেন্ট সংক্রান্ত জটিলতা নিরসনে : **01896002552**

অধ্যক্ষ

টংগী সরকারি কলেজ, গাজীপুর